

শিগগিরই পাবলিক বিশ্ববিদ্যালয়ের অস্থিরতা সমাধান হবে আশা শিক্ষা উপদেষ্টার

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ০২ সেপ্টেম্বর ২০২৫



শিক্ষা উপদেষ্টা আরও বলেন, বিশ্ববিদ্যালয়গুলো এবং শিক্ষা মন্ত্রণালয় একযোগে পরিস্থিতি মোকাবিলা করছে। তিনি সবার প্রতি আহ্বান জানান, ধৈর্য ও সহিষ্ণুতার সঙ্গে সমস্যার সমাধান খুঁজে বের করার দিকে মনোনিবেশ করা হোক।

সি আর আবরার বলেন, "এ ধরনের পরিস্থিতি কারও জন্যই কাম্য নয়। আমাদের লক্ষ্য হলো আলোচনার মাধ্যমে সমস্যাগুলো সমাধান করা এবং শিক্ষা কার্যক্রমকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা।"

তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, বিশ্ববিদ্যালয়গুলো শান্তি ও সংহতির পথে ফিরে আসবে এবং চলমান অস্থিরতা শিগগিরই সমাধান হবে।